সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ৯৩৫ ১২ জুলাই, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ পণ্য আমদানি, রপ্তানি ও খালাস প্রক্রিয়ায় Bangladesh Single Window (BSW) সিস্টেমে আমদানিকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের অফিস স্মারক- ১(১৬৪)NSW প্রকল্প/CLPIA দের সাথে যোগাযোগ/২০২৩/২৮১২, তারিখঃ ০৮/০৭/২০২৫।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র (স্মারক নং- ১(৩৩)প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৭৭০, তারিখঃ ১৯/০৬/২০২৫।

(গ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/৩৪, তারিখঃ ১৭/০২/২০২৫।

আপনাদের সদয় অবগতি জন্য জানানো যাচ্ছে, BSW System এর CLPIA সমূহের অনলাইনভিত্তিক Live কার্যক্রমের মাধ্যমে সেবা গ্রহণের নিমিত্তে সকল অংশীজনদেরকে Bangladesh Single Window (BSW) System এ নিবন্ধন হওয়ার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের আওতায় পরিচালিত ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের দপ্তর হতে সূত্রোক্ত 'ক' পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। ইতোমধ্যে এ বিষয়ে আপনাদেরকে একাধিক সার্কুলারের মাধ্যমে অবগত করা হয়েছে।

উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক ১৯টি CLP (Certificate, License, Permit) ইস্যুকারি প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে BSW System এর মাধ্যমে CLP সমূহ ইস্যু করে সেবা প্রদান করতে হবে। BSW System এর মাধ্যমে বিজিএমইএ'র মেশিনারিজ সার্টিফিকেট জারির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

যে সকল প্রতিষ্ঠান এখনো BSW System এ নিবন্ধন কার্য সম্পাদন করেননি তাদেরকে https://bswnbr.gov.bd লিংকে প্রবেশ করে দ্রুততার সাথে নিবন্ধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন ধরনের জিজ্ঞাসা এবং সহায়তার জন্য BSW হটলাইন নম্বর ১৬১৩৯ এ কল করতে পারবেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের জারিকৃত পরিপত্র, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের নির্দেশনা ও সংশ্লিষ্ট সার্কুলারসমূহ এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১২/৭/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)


BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রকল্প পরিচালকের কার্যালয়**
**ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প**
**১৬০/এ, আইডিইবি ভবন,কাকরাইল, ঢাকা-১০০০**
**E-mail: pdnsw.nbr@gmail.com**

অফিস স্মারক: ১(১৬৪)NSW প্রকল্প/CLPIA দের সাথে যোগাযোগ /২০২৩/ ২৮২২ তারিখ: ০৮/ ০৭ /২০২৫ খ্রি.

**বিষয়ঃ পণ্য আমদানি রপ্তানি ও খালাস প্রক্রিয়ায় Bangladesh Single Window (BSW) সিস্টেমে আমদানি ও রপ্তানিকারকদের নিবন্ধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে এবং বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট -১ এর আওতায় ওয়ার্ল্ড ব্যাংক এর ঋণ সহায়তায় বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন এবং কাস্টমস আধুনিকীকরণ প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য যে, WTO এর ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট এর আর্টিকেল 10.4 এর বাস্তবায়নের লক্ষে প্রকল্পটি সম্পন্ন হলে, আমদানি ও রপ্তানি বাণিজ্যের সাথে সম্পৃক্ত ১৯টি সংস্থাকে একটি অনলাইন সিঙ্গেল ওয়েব পোর্টাল এ আনয়নের মাধ্যমে তাদের ইস্যুকৃত দলিলাদির (সার্টিফিকেট/লাইসেন্স/পারমিট) আবেদন গ্রহণ, প্রক্রিয়াকরণ, ইস্যুকরণ ও প্রেরণ সংক্রান্ত সেবা নিশ্চিত করবে।

০৩। BSW সিস্টেমটি পূর্ণাঙ্গরূপে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৯-০৬-২০২৫ তারিখে একটি পরিপত্র জারি হয়েছে। উল্লিখিত পরিপত্রে আগামী ৩০ জুন ২০২৫ তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্য চালান শুল্কায়নের ক্ষেত্রে ১৯টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। উল্লিখিত তারিখের পর পণ্য চালান শুল্কায়নের ক্ষেত্রে কোন ধরণের ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না মর্মে উল্লেখ রয়েছে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে, আমদানিকারক/ রপ্তানিকারক যাদের ১৩ সংখ্যার BIN (Business Identification Number) নম্বর রয়েছে, তারা BSW সিস্টেমে নিবন্ধন করতে পারবেন। BSW সিস্টেমে নিবন্ধনের জন্য **https://bswnbr.gov.bd** এই লিংকটিতে প্রবেশ করতে হবে এবং নিবন্ধনের জন্য সাইন আপ অপশনটি নির্বাচন করতে হবে। যে কোন ধরণের জিজ্ঞাসা এবং সহায়তা জন্য BSW হটলাইন নম্বর **১৬১৩৯** এ কল বা BSW পোর্টালের চ্যাট অপশনটি ব্যবহার করে সার্ভিস ডেস্ক এ যোগাযোগ করা যাবে। এছাড়াও, যে কোন প্রয়োজনে NSW প্রকল্পের সাথে যোগাযোগের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৮-০৭-২০২৫

(জুয়েল আহমেদ)
প্রকল্প পরিচালক
ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। নির্বাহী চেয়ারম্যান, BIDA, প্লট #ই-৬/বি,ডব্লিউ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

**দৃষ্টি আকর্ষন**: Abu Muhammad Nurul Hayat Totul, Deputy Director (One Stop Service & Regulatory Reform) & Focal Point BSW-ISU।

২। নির্বাহী চেয়ারম্যান, Bangladesh Economic Zone Authority (BEZA), লেভেল-(৭-৯), বিনিয়োগ ভবন, প্লট-ই-৬বি, আগারগাঁও, ঢাকা-১২০৭। **দৃষ্টি আকর্ষণঃ** জনাব মোঃ জুবায়ের হোসাইন ভূঁইয়ান, সহকারী পরিচালক, OSS & কো-অর্ডিনেশন-২ ফোকাল পয়েন্ট BSW-ISU, BEZA।

৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ,বেপজা কমপ্লেক্স, হাউস: ১৯ /ডি, রোড: ০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
{**দৃষ্টি আকর্ষণঃ** জনাব কাজল আসগর, পরিচালক (এন্টারপ্রাইজ সার্ভিসেস) ও ফোকাল পয়েন্ট BSW-ISU, BEPZA}

৪। চেয়ারম্যান, বিটিআরসি, প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
**দৃষ্টি আকর্ষণঃ** জনাব কাজী মোঃ আহসানুল হাবীব মিথুন, উপ-পরিচালক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন (বিটিআরসি)।

৫। প্রধান নিয়ন্ত্রক, সি সি আই এন্ড ই, জাতীয় ক্রীড়া পরিষদ(এনএসসি)ভবন, ১৪-তালা ৬২১৩ পুরানা পল্টন" ঢাকা-১০০০।
(**দৃষ্টি আকর্ষন:** জাহিদুল আলম চৌধুরী, এক্সিকিউটিভ অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সি সি আই এন্ড ই)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

নথি নং: ১(৩৩)/NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/ ২৭৭০ তারিখ: ১৯/০৬/২০২৫ খ্রি.

# পরিপত্র

**বিষয়: পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় Bangladesh Single Window (BSW) System এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (CLP) গ্রহণ না করা।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

০২। ইতোমধ্যে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার ক্ষেত্রে ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। যা নিম্নরূপঃ

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথোরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA);
৭. পরিবেশ অধিদপ্তর (DoE);
৮. বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (BSTI);
৯. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA);
১০. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC);
১১. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB);
১২. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন (BTRC);
১৩. মৎস্য অধিদপ্তর (DOF);
১৪. প্রাণিসম্পদ অধিদপ্তর (DLS);

১৫. উদ্ভিদ সংগনিরোধ উইং (PQW);

১৬. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA);

১৭. বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BGMEA);

১৮. বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BKMEA) এবং

১৯. আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (CCI&E)।

০৩। এমতাবস্থায়, আগামী ৩০ জুন, ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ১৯টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হলো। উল্লিখিত তারিখের পর পণ্য চালান শুল্কায়নের ক্ষেত্রে কোন ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না।

[মোঃ মোয়াজ্জেম হোসেন]
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণায়ল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৫. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৭. সচিব, মৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৮. সচিব, বেসামিরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৯. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১০. সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১১. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।
১৩. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।
১৪. ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১ কাওরান বাজার, টিসিবি বিল্ডিং, ১ হাতিরঝিল লিংক রোড -২, ঢাকা-১২১৫।
১৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, হাউস নং-১৯/ডি, রোড নং-৬, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
১৬. চেয়ারম্যান, বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC), প্রধান উপদেষ্টার কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
১৭. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরোনো সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ পারমানবিক শক্তি কমিশন, ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা, বাংলাদেশ।
২০. চেয়ারম্যান, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি, কারওয়ান বাজার, হাতিরঝিল।
২১. সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, ৫৩-৫৪ নবাব সলিমুল্লাহ রোড, চাষাড়া, ঢাকা।
২২. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন, ১১৬/এ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

২৩. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২৪. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
২৫. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার স্মারক, ঢাকা, বাংলাদেশ।
২৬. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর,শহীদ ক্যাপটেন মনসুর হায়দার আলী স্মরণী, রমনা, ঢাকা।
২৭. মহাপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী রোড, ঢাকা-১২১৫।
২৮. চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট ই-৬/বি, আগারগাঁও, ঢাকা।
২৯. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রিড়া পরিষদ ভবন, লেভেল ১৪,৬২/৩, পুরান পল্টন, ঢাকা-১০০০।
৩০. ব্যবস্থাপনা পরিচালক, এফবিসিসিআই, আইকন, ৬০, মতিঝিল সি/এ, ঢাকা।
৩১. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৫০০ (পাঁচশত) কপি প্রেরণের অনুরোধসহ]।
৩২. Executive Director, Foreign Investors Chamber of Commerce & Industry (FICCI), House# 59 (Level-04), Road#1, Block#1, Banani Dhaka-1213.
৩৩. সভাপতি, ডিসিসিআই/এমসিসিআই/সিসিসিআই (এসোসিয়েশনের সদস্যদের মধ্যে বিতরণের জন্য অনুরোধ করা হলো)।
৩৪. সাধারন সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, কাস্টমস হাউস ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
২. সদস্য (ভ্যাট পলিসি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩. সদস্য (কাস্টমস নিরীক্ষা আধুনিকায়ন ও আন্তর্জাতিক চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
৬. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/ ঢাকা(দক্ষিণ)/চট্টগ্রাম/ কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৮. প্রথম সচিব (কাস্টমস অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৯. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. দ্বিতীয় সচিব (কাস্টমস: আইসিটি ও এনএসডব্লিউ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
১২. উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক (সকল), ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।
১৩. সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার / NPC/ FMS/ PCMC, NSW-PIU, NBR।
১৪. পিএ টু সদস্য (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. Project Manager, Webb Fontaine, 4th Floor, Caldwell Centre, Plot#54, Road#11, Block-C, Dhaka-1213.
১৬. Project Manager, Deloitte Touche Tohmatsu India L.L.P.

BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ৩৪

১৭ ফেব্রুয়ারী, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ BSW System এ User Registration প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের অফিস স্মারক- ১(১৬৭) NSW প্রকল্প/Webb Fountaine/Inception Report & Project Plan/২০২৪/২৫৪১ তারিখ: ১৬/০২/২০২৫।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/২৩, তারিখঃ ০১/০২/২০২৫।

আপনাদের সদয় অবগতি জন্য জানানো যাচ্ছে, BSW System এর CLPIA সমূহের অনলাইনভিত্তিক Live কার্যক্রমের মাধ্যমে সেবা গ্রহণের নিমিত্তে সকল অংশীজনদেরকে Bangladesh Single Window (BSW) System এ রেজিস্ট্রেশন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের আওতায় পরিচালিত ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের দপ্তর হতে সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

ইতোমধ্যে আপনারা Bangladesh Single Window (BSW) System এর মাধ্যমে রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB) সহ ৭টি সংস্থার সেবা গ্রহণ করছেন যা সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে জানানো হয়েছে।

উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে রেজিস্ট্রেশন করে BSW System এর মাধ্যমে সেবা গ্রহণ করছেন তাদের পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে না। তবে যে সকল প্রতিষ্ঠান এখনো পর্যন্ত রেজিস্ট্রেশন কার্য সম্পাদন করেননি তারা http://bswnbr.gov.bd/wu/registration/index লিংকটি ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্য সম্পাদন করতে পারবেন এবং রেজিস্ট্রেশন কার্য সম্পাদন প্রক্রিয়া সহজীকরণের নিমিত্তে একটি ভিডিও টিউটোরিয়াল http://youtu.be/MJ5MD4O2Nk4?si=h EkH0fhjK9epQUW লিংকটি'তে রয়েছে। এছাড়াও এ সংক্রান্ত বিষয়ে যে কোন সহযোগিতার জন্য BSW হেল্প ডেস্ক নাম্বার ১৬১৩৯ এ কল করবেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে CLPIA সমূহের তালিকা এবং সূত্রোক্ত স্মারকদ্বয় এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৭/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
বাংলাদেশে তৈরি
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd

BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৬

০১ ফেব্রুয়ারী, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় **Bangladesh Single Window (BSW) System** এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (**CLP**) গ্রহণ না করা প্রসঙ্গে।

সূত্রঃ (ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) নথি নং-৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২৪/৯২৯, তারিখঃ ৩০/০১/২০২৫।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ১(৩৩)/ NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৪১৮, তারিখ: ১৪/০১/২০২৫।

আপনারা জানেন, অন লাইনের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্য সম্পাদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর হয়েছে। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২/০১/২০২৫ইং তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছেঃ

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); এবং
৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।

আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট BSW সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত পত্রদ্বয় এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

০২/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
বাংলাদেশে তৈরি
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd